# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 24-02-2026** **Time: 7.50 PM**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) শীর্ষ আদালত, রাজ্যে SIR-এর লজিক্যাল ডিসক্রিপেন্সি বা তথ্যগত অসংগতির নথি যাচাই-এর জন্য ঝাড়খন্ড ও ওড়িশার বিচারবিভাগীয় আধিকারিকদেরও প্রয়োজনে কাজে লাগানোর প্রস্তাব দিয়েছে।

২) মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেছেন স্বচ্ছ ভোটার তালিকা গণতন্ত্রের মূল ভিত্তি।

৩) রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রাক্কালে আগামী মাসে ভোটকর্মীদের প্রশিক্ষণের কাজ শুরু হবে।

৪) কেন্দ্রীয় মন্ত্রিসভা, ২০২৬-২৭ বিপণন বর্ষে কাঁচা পাটের ন্যুনতম সহায়ক মূল্য ২৭৫ টাকা বৃদ্ধি করে ৫ হাজার ৯২৫ টাকা করেছে।

৫) কলকাতা সহ রাজ্যের একাধিক জেলা আদালতে একযোগে বোমাতঙ্কের ইমেইল ঘিরে চরম চাঞ্চল্য। ব্যাহত বিচার প্রক্রিয়া।

৬) বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায় আজ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টি হলেও আগামীকাল থেকে রাজ্যে শুষ্ক আবহাওয়াই বজায় থাকবে।

৭) বাংলা, ট্রাইবাল গেমসে পুরুষ বিভাগে ফুটবল প্রতিযোগিতার গ্রুপ লিগে ১১-১ গোলে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জকে হারিয়ে দিয়েছে।

---

শীর্ষ আদালত রাজ্যে SIR-এর লজিক্যাল ডিসক্রিপেন্সি বা তথ্যগত অসংগতির নথি যাচাই-এর জন্য ঝাড়খন্ড ও ওড়িশার বিচারবিভাগীয় আধিকারিকদেরও প্রয়োজনে কাজে লাগানোর প্রস্তাব দিয়েছে। আগামী ২৮শে ফেব্রুয়ারী'ই চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করতে হবে বলে সুপ্রিম কোর্ট আজ আবারো জানিয়েছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত, ও দুই বিচারপতি জয়মাল্য বাগচী ও বিপুল এন পাঞ্চোলির বেঞ্চ আজ ও জানিয়েছেন, বাকি থাকা কাজের নিরিখে পরবর্তী সময়ে অতিরিক্ত তালিকা প্রকাশ করতে পারবে কমিশন।

এর আগের নির্দেশ অনুযায়ী জুডিশিয়াল আধিকারিক নিয়োগের বিষয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, সর্বোচ্চ আদালতে স্টেটাস রিপোর্ট জমা দেন। তাতে জানানো হয়েছে, প্রায় ৮০ লক্ষ নথি খতিয়ে দেখার কাজ বাকি। এখনো পর্যন্ত ২৯৪ জন কর্মরত ও প্রাক্তন বিচারক নিয়োগ করা হয়েছে। তাঁরা প্রতিদিন আড়াইশ' জনের নথি যাচাই করলেও, সম্পূর্ণ কাজ মিটতে ৮০ দিন সময় লেগে যাবে।

এর প্রেক্ষিতেই আজ জরুরী ভিত্তিতে মামলার শুনানি করা হয়।

বেঞ্চ জানিয়েছেন, কাজ দ্রুত সম্পন্ন করতে পার্শ্ববর্তী রাজ্যের বিচারক নিয়োগ করা যেতে পারে। কাজে লাগানো যাবে তিন বছরের অভিজ্ঞতা সম্পন্ন দায়রা বিচারক বা সিভিল জাজদের'ও। রাজ্যের তরফে আইনজীবি কপিল সিব্বাল এবং কল্যাণ বন্দোপাধ্যায় এই সিদ্ধান্তের বিরোধিতা করে, ভাষাগত সমস্যার দিকটি উত্থাপন করেন।

সর্বোচ্চ আদালতের বেঞ্চ অবশ্য এই বিরোধিতার জবাবে জানিয়েছে, ঝাড়খন্ড ও ওড়িশার মতো রাজ্যগুলি ভৌগলিকভাবে এরাজ্যের পাশাপাশি অবস্থান করায়, সেখানকার কিছু অংশের লোকজন পশ্চিমবঙ্গের ভাষা বোঝে। কাদের নিয়োগ করা হবে, সে সংক্রান্ত সিদ্ধান্ত নেবেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি।

-----------------------

রাজ্যে SIR প্রক্রিয়া নিয়ে সুপ্রিম কোর্টের আজকের নির্দেশ ও পর্যবেক্ষন নিয়ে রাজ্য সরকারের বক্তব্যকে কটাক্ষ করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়ালের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের কাছে, ২৮ তারিখে চূড়ান্ত তালিকা প্রকাশের পরেও রাজ্য সরকারের অবস্থান একই থাকবে কিনা তা নিয়ে তিনি সংশয় প্রকাশ করেন। ওই তালিকায় যাঁদের নাম বাদ যাবে, তার দায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে নিতে হবে বলেও দাবি করেন বিরোধী দলনেতা। বাইরের রাজ্য থেকে বিচারক এনে কাজে লাগাতে হচ্ছে এমন পরিস্থিতি রাজ্যের কাছে লজ্জার বলেও মন্তব্য করেন।

এদিকে সিইওর দফতরের সামনে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে লক্ষ্য করে জুতো ছোড়া হয়েছে বলে অভিযোগ। এই ঘটনাকে কেন্দ্র করে ওই চত্বরে তুমুল গণ্ডগোল শুরু হয়।

-----------------------

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, স্বচ্ছ ভোটার তালিকার ওপরে জোর দিয়ে বলেছেন, তা হল গণতন্ত্রের মুল ভিত্তি। তিনি আজ নতুন দিল্লির ভারত মন্ডপমে নির্বাচন কমিশন এবং রাজ্য নির্বাচন কমিশনারদের গোল টেবিল বৈঠকে অংশ নিয়ে

বলেন, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়া এস আই আর এর উদ্দেশ্য ই ছিল সমস্ত যোগ্য ভোটারকে তালিকায় অন্তর্ভুক্ত করে অযোগ্যদের তা থেকে বাদ দেওয়া। বর্তমানে যে ১২ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে SIR প্রক্রিয়া চলছে, তার মধ্যে পশ্চিমবঙ্গ বাদে ১১'টিতেই চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হয়েছে।

মুখ্য নির্বাচন কমিশনার আরও বলেন, বর্তমানে নির্বাচন কমিশন ও রাজ্য নির্বাচন কমিশন এর মধ্যে সমন্বয় বজায় রেখে কাজ করার সময় এসেছে ।

মুখ্য নির্বাচন কমিশনার জনানেশ কুমারের পৌরোহিত্যে এক দিনের ওই বৈঠকের প্রাথমিক উদ্দেশ্য ছিল আইনি পরিকাঠামর মধ্যে নির্বাচনী প্রক্রিয়া ও ব্যাবস্থাপনার ক্ষেত্রে নির্বাচন কমিশন ও রাজ্য নির্বাচন কমিশনারদের কাজকরমের ক্ষেত্রে সমন্বয় স্থাপন।

উল্লেখ্য, ২৭ বছর পরে এই গোল টেবিল বৈঠক বসলো।

------------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রাক্কালে ভোটকর্মীদের জন্য প্রশিক্ষণ শুরু হতে চলেছে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর এক বিজ্ঞপ্তিতে, জাতীয়, রাজ্য, জেলা, মহকুমা এবং রিটার্নিং অফিসার স্তর পর্যন্ত একাধিক ধাপে এই প্রশিক্ষণের রূপরেখা প্রকাশ করেছে। বিজ্ঞপ্তি অনুযায়ী, রাজ্য স্তরে ৬ থেকে ১৩'ই মার্চ পর্যন্ত মনোনয়ন প্রক্রিয়া, প্রযুক্তির ব্যবহার, নজরদারি, ভোটগ্রহণ ও গণনা, নির্বাচনী তালিকা এবং সামগ্রিক ভোট পরিচালনার জন্য পর্যায়ক্রমে প্রশিক্ষণ দেওয়া হবে। এতে জেলা নির্বাচনি আধিকারিক, RO এবং ARO), পুলিশ আধিকারিক, মিডিয়া প্রতিনিধি এবং রাজনৈতিক দলগুলি অংশ নেবে।

জেলা স্তরে ইভিএম সংক্রান্ত ফার্স্ট লেভেল চেকিং থেকে শুরু করে আইন-শৃঙ্খলা, মডেল কোড, ব্যয় পর্যবেক্ষণ, অভিযোগ ব্যবস্থাপনা এবং ভোটের দিন সংক্রান্ত বিষয় নিয়ে মার্চের মাঝামাঝি পর্যন্ত ধারাবাহিক প্রশিক্ষণ চলবে। মহকুমা ও RO স্তরে পোলিং পার্সোনেলদের জন্য তিন দিনের প্রশিক্ষণ, ইভিএম-ভিভিপ্যাটে হাতে-কলমে মহড়া, ১০০টি মক ভোট দিয়ে সার্টিফিকেশনও বাধ্যতামূলক করা হয়েছে।

উল্লেখ্য, জাতীয় স্তরে নির্বাচন কমিশন ও ইন্ডিয়ান ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট-এর তত্ত্বাবধানে বিভিন্ন বিষয়ের উপর অনলাইন ও সরাসরি প্রশিক্ষণ হবে। রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার, জেলা নির্বাচন আধিকারিকদের আলাদা আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হবে।

---------------------

বিজেপি, রাজ্যে SIR প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার দাবি জানিয়েছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, পশ্চিমবঙ্গ সহ দেশের ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে এই প্রক্রিয়া শুরু হয়েছিল। অবিজেপি-শাসিত তামিলনাড়ু এবং কেরালাতে'ও এই প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। কোথাও কোন বিরোধিতা বা বিরোধীদলের BLA-দের উপর আক্রমণ, BLO-দের ভয় দেখানো হয়নি। শুধুমাত্র পশ্চিমবঙ্গেই যাবতীয় অভিযোগ এসেছে, যা সামগ্রিকভাবে আমাদের কাছে লজ্জার। সুপ্রিম কোর্ট, বিচারকদের নেতৃত্বে এই প্রক্রিয়া চালানোর নির্দেশ দিয়েছে যা অত্যন্ত দুর্ভাগ্যজনক।

রাজ্য সভাপতির আরও অভিযোগ, প্রশাসন এবং তৃণমূল কংগ্রেসের জন্যই SIR প্রক্রিয়ার শুনানিতে মানুষকে অযথা হয়রানির শিকার হতে হয়েছে। তাই একবার এরাজ্যে এসে মুর্শিদাবাদ, মালদা, দক্ষিণ চব্বিশ পরগনা, হাওড়ার মতো জেলাগুলিতে

একবার SIR প্রক্রিয়া কিভাবে চলছে তা পর্যবেক্ষণ করার জন্য শ্রী ভট্টাচার্য মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের কাছে দাবি জানান।

(বাইট- শমীক)

-----------------------

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, প্রাক্তন মুখ্য সচিব মনোজ পন্থের বিরুদ্ধে এফআইআর দায়ের করে গ্রেপ্তারের দাবি জানিয়েছেন। তিনি আজ উত্তর ২৪ পরগণার বারাসাতে এক সাংবাদিক সম্মেলনে বলেন, কারা কারা SIR এর কাজে নিযুক্ত থাকবেন, হাইকোর্টের বিচারপতির উপস্থিতিতে তা এক বৈঠকে স্থির করা হবে বলে নির্দেশ দেয় সুপ্রিম কোর্ট। তার প্রেক্ষিতে গতকাল এ সংক্রান্ত এক বৈঠক হয়েছে বলে তার কাছে খবর এসেছে। কিন্তু সেই বৈঠকে প্রাক্তন মুখ্য সচিব মনোজ পন্থে কোন্ পদাধিকারী বলে যোগ দেন, সেই নিয়ে প্রশ্ন তুলেছেন সুকান্ত বাবু।

-----------------------

বিধানসভা নির্বাচনের আগে বিজেপির ‘সংকল্প পত্র প্রণয়নের উদ্দেশে শিলিগুড়িতে আজ এক উচ্চ পর্যায়ের বৈঠক বসে। দার্জিলিংয়ের সাংসদ  রাজু বিস্তা সহ দার্জিলিং পাহাড়,তরাই ও ডুয়ার্স এলাকার প্রায় ২০০ জন বিশিষ্ট ব্যক্তি এতে অংশ নেন। তাঁরা বিজেপির আসন্ন সংকল্প পত্রে অন্তর্ভুক্তির জন্য বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে মতামত ও প্রস্তাব দেন।

-----------------------

আজকের প্রসঙ্গে এবারের বিষয়: সম্প্রতি হয়ে যাওয়া এই আই সামিট এবং ভারতের সম্ভাবনা। কৃত্রিম বুদ্ধিমত্তা বিশেষজ্ঞ সৌম্য শুভ্র রয়ের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

-----------------------

কেন্দ্রীয় মন্ত্রিসভা, ২০২৬-২৭ বিপণন বর্ষে কাঁচা পাটের ন্যুনতম সহায়ক মূল্য ২৭৫ টাকা বৃদ্ধি করে ৫ হাজার ৯২৫ টাকা করেছে। মন্ত্রীসভার বৈঠকের পরে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো সাংবাদিকদের বলেন, টিডি-থ্রী গ্রেডের কাঁচা পাটের জন্য এই মূল্য নির্ধারণ করা হয়েছে।

বাইট

আজকের সিদ্ধান্তের ফলে পাট উৎপাদনে সর্বভারতীয় গড় খরচের নিরিখে ৬১ দশমিক ৮ শতাংশ রিটার্ন নিশ্চিত হবে বলেও শ্রী বৈষ্ণো জানান।

-----------------------

কেন্দ্রীয় দক্ষতা উন্নয়ন মন্ত্রী জয়ন্ত চৌধুরী বলেছেন, যুব সমাজের স্বার্থে রাজ্য সরকারকে রাজনীতির উর্ধ্বে উঠে সিদ্ধান্ত নিতে হবে। তিনি আজ কলকাতায় সেন্ট্রাল স্টাফ ট্রেনিং অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট পরিদর্শন করে সেখানকার আধিকারিকদের সঙ্গে এক বৈঠক করেন।

-----------------------

কলকাতা-সহ রাজ্যের একাধিক জেলা আদালতে আজ একযোগে বোমাতঙ্কের ইমেল ঘিরে চরম চাঞ্চল্য ছড়ায়। এর জেরে বেশ কিছুক্ষণের জন্য ব্যাহত হয় বিচারপ্রক্রিয়া। আদালত চত্বর থেকে আতঙকিত বিচারপ্রার্থী ও আইনজীবীদের সরাতে গিয়ে তৈরি হয় বিশৃঙ্খলা। সবচেয়ে বেশি চাঞ্চল্য ছড়ায় ব্যাঙ্কশাল এবং কলকাতার সিটি সিভিল কোর্ট বা নগর দায়রা আদালতে।

আদালত সূত্রে জানা গেছে, অজানা একটি ইমেইল থেকে বেলা সাড়ে এগারোটা নাগাদ নগর দায়রা আদালতে বোমা রাখা আছে বলে দাবি করা হয়। তৎক্ষণাৎ পুলিশ, বম্ব ও ডগ স্কোয়াড নিয়ে সেখানে পৌঁছে পুরো ভবন খালি করে চিরুনি তল্লাশি চালায়। দীর্ঘ অনুসন্ধানের পর অবশ্য সন্দেহজনক কিছু মেলেনি। পরিস্থিতিও এখন স্বাভাবিক। আদালতের কাজকর্ম ও স্বাভাবিক ভাবেই চলছে। কোথা থেকে এই ই মেল এসেছে এবং কারা কি উদ্দেশ্য নিয়ে তা পাঠিয়েছে, পুলিশ তা খতিয়ে দেখছে।

একই ভাবে, কৃষ্ণনগর, আসানসোল,দুর্গাপুর ,চুঁচুরা , বহরমপুর,,আরামবাগ আদালতেও হুমকী মেল আসে। আদালত খালি করে পুলিশ কুকুর ও বম্ব স্কোয়াড এর সাহায্যে তল্লাশী চলে । কোথায়ই অবশ্য কিছু পাওয়া যায়নি। কড়া নিরাপত্তা জারী রয়েছে।

এদিকে রাজ্য সরকার, বিচারকদের নিরাপত্তা সুনিশ্চিত করতে বদ্ধপরিকর বলে মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী জানিয়েছন। নবান্নে আজ সাংবাদিকদের তিনি বলেন, একাধিক আদালতে বোমা রাখার এই হুমকি ইমেল এর প্রেক্ষিতে সাধারণ মানুষ ও বিচারকরা সমস্যায় পড়েছেন ঠিকই, তবে পুলিশ দ্রুত পদক্ষেপ করেছে। নিরাপত্তা নিয়ে কোনও আপস করা হবে না বলেও আশ্বস্ত করেন তিনি।

বাইট

-----------------------

বাতাসের আর্দ্রতার পরিমাণ বেশি থাকায় দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ বিক্ষিপ্তভাবে বৃষ্টি হয়। তবে আগামীকাল থেকে রাজ্যে শুষ্ক আবহাওয়াই বজায় থাকবে। আপাতত তাপমাত্রার বিশেষ তারতম্য না হলেও মার্চের গোড়াতেই তাপমাত্রা ২ থেকে ৩ ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

আকাশ মেঘলা থাকায় কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৬ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৩ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস কম। তবে আগামীকাল থেকে তা স্বাভাবিক বা তার আশেপাশেই থাকবে। সকালে সর্বনিম্ন তাপমাত্রাও ছিল স্বাভাবিকের সামান্য কম ১৯ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। বিকাল সাড়ে পাঁচটা পর্যন্ত গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৬ দশমিক ৩ মিলিমিটার।

উল্লেখ্য, কলকাতায় আজ সকালের দিকে হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হয়। উত্তর ২৪ পরগনায় সর্বোচ্চ ৪৩ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে গেছে। এছাড়া দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, পূর্ব মেদিনীপুর,  পুরুলিয়া এবং পশ্চিম বর্ধমান জেলাতেও ঝড়ো হাওয়া বয়ে যায়। এই ঝড় বৃষ্টিতে মাঠের আলুর ক্ষতি হওয়ার সম্ভাবনা দেখা দেওয়ায় পরিপক্ক আলু তুলে নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

এদিকে, উত্তরবঙ্গের বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। সন্দাকফু এলাকায় হাল্কা তুষারপাতেরও সম্ভাবনা। হাল্কা কুয়াশাও থাকতে পারে।

-----------------------

বাংলা, ট্রাইবাল গেমসে ফুটবলে পুরুষ বিভাগে গ্রুপ লিগে দ্বিতীয় ম্যাচে বড় জয় পেয়েছে। রাঁচির সি এ জি স্পোর্টস কমপ্লেক্স এ আজ বাংলা ১১-১ গোলে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ কে হারিয়ে দিয়েছে।বাংলার হয়ে জোড়া গোল করেন সুজল মুন্ডা, অমিত এক্কা,রাহুল মুর্মু ও সৌরভ সাব্বার। একটি করে গোল করেন আকাশ ওরাও এবং প্রভাত সোরেন।

বাকি গোলটি আত্মঘাতী। এই জয়ের সুবাদে বাংলা দুই ম্যাচে ছয় পয়েন্ট সংগ্রহ করেছে।

বৃহস্পতিবার গ্রুপ লিগের শেষ ম্যাচে বাংলা বিহারের মুখোমুখি হবে।

---------------------- ----------------------